



কক্সবাজারে কুতুবদিয়ায় হাসপাতালে ঢুকে নারী রোগীর ওপর সন্ত্রাসী হামলা



সংগৃহীত ছবি

কক্সবাজারের কুতুবদিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি এক নারী রোগীর ওপর হামলা চালিয়েছে সশস্ত্র একটি দল। টিউবওয়েলের পানি নিয়ে পারিবারিক বিরোধের জেরে এ হামলা হয় বলে জানা গেছে। ঘটনায় তিনজন আহত হয়েছেন। পুলিশ জানিয়েছে, অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

কক্সবাজারের কুতুবদিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সকাল সাড়ে ১০টার দিকে রোগীর ওপর হামলার ঘটনা ঘটেছে। এতে বড়ঘোপ রোমাই পাড়ার আবদুল কাদেরের স্ত্রী আনিছা বেগম (৪২), তার মেয়ে তোহা (২০) এবং ননদ ইয়াসমিন আকতার (৩৫) আহত হন।

প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে জানা যায়, বড়ঘোপ ইউনিয়ন যুবদলের যুগ্ম আহ্বায়ক আবদুল আজিজের নেতৃত্বে ১০ থেকে ১৫ জনের একটি দল দেশীয় অস্ত্র নিয়ে স্বাস্থ্য কমপ্লেক্সের তৃতীয় তলায় ঢুকে এলোপাতাড়ি মারধর করে।

আহত আনিছা বেগম বলেন, “বৃহস্পতিবার সকালে টিউবওয়েলের পানি নিয়ে পারিবারিক বিরোধের জেরে আমাকে মারধর করা হয়। পরে হাসপাতালে ভর্তি হলে রুমাই পাড়ার মৃত গুল্লুর কোম্পানির ছেলে রাকিব প্রথমবার হামলা চালায়। আধা ঘণ্টা পর আবদুল আজিজের নেতৃত্বে আরও একদল এসে আবারও হামলা করে।”

এ ঘটনায় কুতুবদিয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) আরমান হোসেইন বলেন, “এখনও কোনো লিখিত অভিযোগ পাইনি। তবে অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”